Keep in file.

# দিঘলিয়া উপজেলা পরিষদের এপ্রিল/২০২২মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

(সভা নং-৪ )

সভাপতি : শেখ মারুফুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।

তারিখ : ২০ এপ্রিল ২০২২, সোমবার

সময় : দুপুর ২: ০০ ঘটিকা

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ ।

(উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা পৃথক রেজিস্টারে সংরক্ষিত)

সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতি সভার আলোচ্যসূচি মোতাবেক সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার দিনের সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নরূপ বিষয়ভিত্তিক আলোচনা এবং বিভিন্ন সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১. | পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | বিগত মার্চ ২০২২, মাসের সাধারণ সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। উক্ত কার্যবিবরণীরতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতভাবে অনুমোদিত হয়। | মার্চ ২০২২ মাসের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী সর্বসম্মতভাবে অনুমোদিত। | উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০২. | স্থায়ী কমিটি সমূহের সভা | উপজেলা নির্বাহী অফিসার সভায় স্থায়ী কমিটির সভা নিয়মিত হচ্ছে কিনা জানতে চাইলে সংশ্লিষ্ট অফিস সহকারী জানান যে, ২০২২ মাসে ০৮ টি স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। এ বিষয়ে সভায় আলোচনা হয় এবং স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয়কে, যথাসময়ে সভা আহবানপূর্বক সভার কার্যবিবরণী প্রেরণের জন্য অনুরোধ করা হয়। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান, নিয়মিতভাবে স্থায়ী কমিটির সভা আহবান করতে হবে। | স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয় নির্দিষ্ট সময়ের মধ্যে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয় |
| ০৩ | উপজেলা পরিষদের আয়-ব্যয়সংক্রান্ত | উপজেলা পরিষদের আয়-ব্যয় সংক্রান্ত হিসাব সভায় উপস্থাপন: মার্চ/২০২২ মাসে উপজেলা পরিষদ কর্তৃক আয় ও ব্যয়ের হিসাব সভায় উপস্থাপন করা হয় ।<br>সর্বমোট আয়-১১,৮৬,৬১৮/-<br>মোট ব্যয়-৪,৩৮,৬৩৯/- | উপজেলা পরিষদের আয় সংশ্লিষ্ট হিসাবে জমা নিশ্চিত করতে হবে। সংশ্লিষ্ট ক্যাশ বইসমূহ যথারীতি সংরক্ষণ করতে হবে। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার এবং সংশ্লিষ্ট অফিস সহকারী। |
| ০৪ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কমিটি | সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, বর্তমানে সারাদেশে ডেঙ্গু ও ডায়রিয়া রোগের প্রাদুর্ভাব বৃদ্ধি পেয়েছে। ডেঙ্গু ও ডায়রিয়া প্রতিরোধের জন্য আমাদের সকলকে সচেতন হতে হবে। পরিবেশ পরিচ্ছন্ন রাখতে হবে যাতে মশা ধ্বংস বিস্তার করতে না পারে এবং ডায়রিয়া প্রতিরোধের জন্য নিরাপদ পানি ও খাবার গ্রহণ করতে হবে এবং ভেজাল বাসি, পঁচা খাবার পরিহার করতে হবে। তিনি বলেন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স-এ কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারী এবং হাসপাতালে আগত রোগী | সভায় বিস্তারিত আলোচনান্তে ডেঙ্গু ও ডায়রিয়া রোগের প্রাদুর্ভাব থেকে রক্ষার জন্য আমাদের আঙ্গিনার চারপাশ পরিস্কার পরিচ্ছন্ন রাখতে হবে এবং বাসি | চেয়ারম্যান উপজেলা পরিষদ, ও উপজেলা নির্বাহী অফিসার, এবং |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ও অন্যান্যদের সাইকেল/মটরসাইকেল নিরাপদে রাখার জন্য একটি সাইকেল গ্যারেজ নির্মাণ করা প্রয়োজন। তিনি আরো বলেন আড়ুয়া কমিউনিটি ক্লিনিকের সামনে সংযোগ সড়ক ও কমিউনিটি ক্লিনিকের পিছনের গর্ত ও নিচু স্থানে মাটি ভরাট করা প্রয়োজন। | পঁচা খাবার খাওয়া পরিত্যাগ করতে হবে। এছাড়া হাসপাতালে আগত রোগী ও কর্মকর্তা কর্মচারীদের সাইকেল মটরসাইকেল রাখার জন্য একটি গ্যারেজ নির্মাণ করাসহ আড়ুয়া কমিউনিটি ক্লিনিকের সামনে সংযোগ সড়ক ও কমিউনিটি ক্লিনিকের পিছনের গর্ত মাটি দ্বারা ভরাটের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজে... স্বাস্থ্য পরিবার পরিকল্পনা অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০৫ | উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষণ ও পরিবিক্ষণ কমিটি | সভায় উপজেলা পরিসংখ্যান অফিসার জানান যে, কমিটির সকল সম্মানিত সদস্যকে আগামী ১৫জুন হতে ২১জুন/২০২২খ্রি. তারিখ পর্যন্ত তথ্য সংগ্রহ কার্যক্রমে প্রতিটি ইউপি চেয়ারম্যানদের প্রয়োজনীয় সহযোগীতা করার আহবান জানান। তিনি বলেন স্বাধীন বাংলাদেশে ১ম আদম শুমারি অনুষ্ঠিত হয় ১৯৭৪ সালে। দশ বছর পর্যায়বৃত্তি অনুসরণপূর্বক ২০২১ সালে কোভিড-১৯ মহামারির কারণে শুমারি পরিচালনা করা সম্ভব হয়নি। তাই বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো(বিবিএস) এবার ৬ষ্ঠ বারের মত "জনশুমারি ও গৃহগণনা২০২২" আগামী ১৫জুন হতে ২১জুন/২০২২খ্রি. সময়ে পরিচালনা করবে। ডিজিটাল ডিভাইস ট্যাবলেট ব্যবহারের মাধ্যমে Computer Assisted Personal Interviewing(CAPI) পদ্ধতিতে পরিচালিতব্য এ শুমারিটি হবে প্রথম ডিজিটাল শুমারি। এছাড়া এ শুমারিতে প্রথম Itegrated Census Management System (ICMS)চালু হতে যাচ্ছে, যার মাধ্যমে সমগ্র বাংলাদেশে শুমারি কাজে নিয়োজিত তথ্য সংগ্রহকারী, সুপারভাইজার , জোনাল অফিসার, উপজেলা শুমারি সমন্বয়কারী, জেলা শুমারি সমন্বয়কারী, বিভাগীয় শুমারি সমন্বয়কারীগণের নাম সহ বিস্তারিত এক ক্লিকে জানা সম্ভব হবে, যা শুমারির ব্যবস্থাপনার জন্য অত্যন্ত কার্যকর হবে। এছাড়া তিনি আরো বলেন বর্তমানে সারাদেশের ন্যায় দিঘলিয়াতেও তেলসহ নিত্যপণ্যের দাম বৃদ্ধি পেয়েছে। তবে অবৈধ মজুতধারী বা ভোক্তাকে বঞ্চিত যাতে না করতে পারে সেজন্য মনিটরিং চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে জনশুমারি একটি জাতীয় কাজ যা শুধু পরিসংখ্যান ব্যুরো নয়, সরকারের সকল সহযোগী প্রতিষ্ঠান এবং সর্বস্তরের জনগন ও জন প্রতিনিধিদের নিয়ে সফল করাসহ এছাড়া নিয়মিত বাজার মনিটরিং করার অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০৬ | উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটি | কার্যপত্র পাওয়া যায় নি। | | |
| ০৭ | উপজেলা সমাজকল্যাণ কমিটি | কার্যপত্র পাওয়া যায় নি। | | |
| ০৮ | উপজেলা মৎস্য ও প্রাণি সম্পদ কমিটি | কার্যপত্র পাওয়া যায় নি। | | |
| ০৯ | উপজেলা পল্লী | সভায় উপজেলা পল্লী উন্নয়ন অফিসার জানান যে, বিআরডিবি সুফলভোগীদেরে | সভায় বিস্তরিত | উপজেলা |

| | | | | |
|---|---|---|---|---|
| | উন্নয়ন কমিটি | ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় জমার মাধ্যমে পুজি গঠন কার্যক্রম অব্যাহত আছে। এ পর্যন্ত পুজি গঠনের পরমিাণ ১২৪.৯৫ লক্ষ। দপ্তরের আওতাধীন বিভিন্ন প্রকল্পে ২০২১-২০২২ অর্থ বছরে ঋণ বিতরণ লক্ষমাত্রা ৩২৬.৩২ লক্ষ প্রায় যার ১০০% বিতরণ হবে মর্মে আশা পোষণ করেন। ইতোমধ্যে কোভিড-১৯ প্রণোদনা ঋণ বিতরণ ৩৫.৫০ লক্ষ টাকা যার কিস্তি আদায়ের হার ১০০% এবং বিআরডিবির অন্যন্য প্রকল্প ও কর্মসূচীর মোট ২২৮.২২ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। চলতি অর্থ বছরের ১০ মাসে ২৩৪.৩৩ লক্ষ আদায় করা হয়েছে। চলতি ঋণ আদায়ের হার ১০০%। ২০২১-২০২২ অর্থ বছরে ২টি প্রশিক্ষণ ক্লাসের বাজেট অনুমোদন পাওয়া যায় তার মধ্যে ২টি প্রশিক্ষণ ক্লাস অনুষ্ঠিত হয়েছে । মেয়াদউত্তীর্ন খেলাপী ঋণ আদায়ে ইউএনও মহোদয়, উপজেলা পরিষদ ও অফিসার ইনচার্জ এর নিকট হতে আন্তরিক সহযোগীতা পাওয়ায় তিনি আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। | আলোচনান্তে উপজেলা বিআরডিবি'র সুফলভোগীদরে প্রশক্ষিণউত্তর ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় জমার মাধ্যমে পুজি গঠন ও ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম অব্যাহত রাখাতে সংশ্লিষ্টদের সহযোগীতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | পল্লী উন্নয়ন অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ১০ | উপজেলা জনস্বাস্থ্য কমিটি | কার্যপত্র পাওয়া যায় নি। | | |
| ১১ | বিবিধি আলোচনা। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার জানান যে, ইজিপিপির আগের যে প্রক্রিয়া ছিল তা পরিবর্তন হওয়ায় কাজের বিল পরিশোধ করতে বিভিন্ন সমস্যার সম্মুখিন হতে হচ্ছে। সে জন্য তার দপ্তর হতে প্রতিনিয়ত যোগাযোগ অব্যহত আছে। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে ইজিপিপি এর কাজের বিল পরিশোধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ১২ | ২০২১-২০২২ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী টেন্ডারের ৫% অর্থের সাশ্রয়কৃত অর্থের প্রকল্প সংক্রান্ত। | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, চলতি ২০২১-২০২২ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) ও উপজেলা উন্নয়ন তহবিল এর প্রকল্প কমিটির কাজ সমাপ্ত হয়েছে এবং অবশিষ্ট প্রকল্পগুলি টেন্ডারের মাধ্যমে কাজ চলমান রয়েছে। টেন্ডারগুলি ৫% নিম্নদর হওয়ায় সাশ্রয়কৃত এডিপি=২,৯১,৬১৬/- এবং ইউডিএফ =৮০,৭০০/- টাকার বিপরিতে প্রকল্প গ্রহণ করা প্রয়োজন। এবিষয়ে উপজেলা চেয়ারম্যান সভায় জানান যে, জনগুরুত্বপূর্ণ ও উন্নয়নমূলক কাজের স্বার্থে একটি প্রকল্প প্রস্তাব করেন।<br>১। দিঘলিয়া ইউনিয়নের ফাতেমা মেমোরিয়াল মাধ্যমিক বিদ্যালয়ের প্রবেশ গেট নির্মাণ =৩,৭২,৩১৬/- | সভায় বিস্তারিত আলোচনান্তে প্রকল্প দুইটি অনুমোদন হলো এবং প্রকল্পের প্রাক্কলন ও প্রকল্প কমিটি আগামী সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, ও উপজেলা প্রকৌশলী, দিঘলিয়া, খুলনা। |
| ১৩ | উপজেলা প্রকৌশলী দপ্তর | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২১-২০২২ অর্থবছরে এডিপি ও ইউডিএফ এর টেন্ডার প্রকল্প এবং ৪ টি ইউনিয়ন পরিষদের মেরামতের জন্য টেন্ডার বিজ্ঞপ্তি দুইটি বহুল প্রচারের জন্য পত্রিকায় প্রকাশ করা হয়। উক্ত পত্রিকার বিজ্ঞপন বিল পাওয়া গিয়াছে বিল দুইটি নিম্নরুপ:<br>১। দৈনিক পূর্বাঞ্চাল টাকা=১৩,৫৮৪/-<br>২। সময়ের খবর টাকা=১২,২৬৫/-<br>পত্রিকার বিল দুইটি পরিশোধের জন্য সভায় উপস্থাপন করা হলো। | সভায় বিস্তারিত আলোচনান্তে উক্ত পত্রিকা বিল দুইটির আলাদা কোন বরাদ্দ না থাকায় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে পরিশোধের সর্বসন্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, ও উপজেলা প্রকৌশলী, দিঘলিয়া, খুলনা। |
| ১৪ | উপজেলা | সভায়া উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২১-২০২২ অর্থবছরের দিঘলিয়া | সভায় বিস্তারিত | উপজেলা |

| | | | | |
|---|---|---|---|---|
| | প্রকৌশলী দপ্তর | উপজেলাধীন ৪টি ইউনিয়ন পরিষদ যথাক্রমে দিঘলিয়া,যোগীপোল, সেনহাটি, বারাকপুর,ইউনিয়ন পরিষদ ভবন মেরামতের জন্য ৪টি প্যাকেজে টেন্ডার আহবায়নের নিমিত্তে সিডিউল প্রস্তুতের জন্য কোন বরাদ্দ না থাকায় এবিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রাণালয়ের সহিত যোগাযোগ করা হলেও কোন আনুসঙ্গিকের জন্য কোন বরাদ্দ পাওয়া যায় নাই। ফলে সিডিউল বিক্রয়ের টাকা হতে সিডিউল প্রস্তুতের আনুসঙ্গিক ও দরপত্র উন্মুক্ত এবং মূল্যায়ন সংক্রান্ত খরচ পরিশোধ পূর্বক বাকি সমুদয় টাকা চালানের মাধ্যমে সরকারী কোষাগারে জমা দেওয়া প্রয়োজন। সভায় এ বিষয় বিস্তারিত আলোচনা জন্য উপস্থাপন করা হলো। | আলোচনান্তে উক্ত প্রকল্পের জন্য আনুসঙ্গিক সিডিউল প্রস্তুতের জন্য কোন বরাদ্দ না পাওয়ায় সিডিউল বিক্রয়ের টাকা হতে সিডিউল প্রস্তুতের আনুসাংঙ্গিক ও দরপত্র উন্মুক্ত এবং মূল্যায়ন সংক্রান্ত খরচ পরিশোধ পূর্বক বাকি সমুদয় টাকা চালানের মাধ্যমে সরকারী কোষাগারে জমা দেওয়ার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রকৌ[illegible] দিঘলিয়া, খুলনা। |
| ১৬ | উপজেলা প্রকৌশলী দপ্তর | সভায়া উপজেলা প্রকৌশলী জানান যে, কে,বি, এস,- আরআইডিপি এর আওতায় খুলনা জেলার দিঘলিয়া উপজেলাধীন চন্দনীমহল ভট্টাচার্য বাজার উন্নয়নের জন্য ২টি ফিস শেড, ১টি মাল্টিপারপাস শেড, ১টি স্লোটার হাউজ, ১টি কমন টয়লেট ও এক্সটারনাল ড্রেন নির্মানের প্রাক্করন অনুমোদিত হওয়ায় ঠিকাদার নিয়োগ করা হয়। পরবর্তীতে কাজের লে-আউট প্রদানের সময় পুরাতন ঘর অপসারণ ও জমি মালিকানা নিয়ে নানা সমস্যার সৃষ্টি হলে কাজ শুরু করতে বিলম্ব হয়। অবশেষে উপজেলা পরিষদ, প্রশাসন ও স্থানীয় বাজার দোকান মালিক সমিতির সহযোগিতায় বাজারের একটি বৃহৎ অংশ ফাঁকা সম্ভব হয়। একারনে সরকারী জায়গায় অন্যান্য বাজারের মত করে দুটি অর্থাৎ আর একটি মাল্টিপারপাস শেড তৈরির জন্য আলোচনা প্রয়োজন। | সভায় বিস্তারিত আলোচনান্তে বাজারের কেনাবেচার স্বার্থে আর ১টি মাল্টিপারপাস শেড, নির্মানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, দিঘলিয়া, খুলনা। |
| ১৭ | চেয়ারম্যান দিঘলিয়া ইউপি | সভায় চেয়ারম্যান দিঘলিয়া ইউপি জানান যে,দৌলতপুর স্টিমারঘাটের তার অপারপ্রান্তে দিঘলিয়ার আওতাধীন উপজেলা সড়কের পার্শ্বে অবস্থিত সিরিশ গাছটি হেলেপড়ায় যানবাহন চলাচলের ক্ষেত্রে যে কোন সময় দূর্ঘটনা ঘটতে পাড়ে। দূর্ঘটনা এড়ানোর জন্য দ্রুত গাছটি অপসারন করা প্রয়োজন। সভায় দিঘলিয়া ইউপি চেয়ারম্যান জানান যে, গাছটি দিঘলিয়া ইউনিয়ন পরিষদ কর্তৃক রোপনকৃত বিধায় গাছটি ইউনিয়ন পরিষদের নিকট হস্তান্তরের জন্য প্রস্তাব করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে দূর্ঘটনা এড়ানোর জন্য দিঘলিয়া ইউনিয়ন পরিষদ কর্তৃক গাছটি দ্রুত বিধিমাফিক অপসারনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান দিঘলিয়া, ইউনিয়ন পরিষদ। |
| ১৮ | উপজেলা নির্বাহী অফিসার | সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, পানিগাতী গ্রামে নতুন করে আরো কিছু আশ্রয়ন প্রকল্পের ঘর নির্মাণ করা হবে। তিনি বলেন গাজীরহাট ইউনিয়নের বাগমারায় আরো কিছু আশ্রয়ন প্রকল্পের ঘর নির্মাণ করার প্রস্তাব প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের সহযোগীতা। এছাড়া তিনি সকল চেয়ারম্যানদের নিয়মিত গ্রাম আদালতের মামলাসমূহ নিষ্পত্তি করার আহবান জানান। তিনি আরো বলেন উপজেলা পরিষদের কয়েকটি পুরাতন সিসি ক্যামেরা নষ্ট হয়ে যাওয়ায় মেরামত করা প্রয়োজন। সাব রেজিস্টার ও প্রানীসম্পদ অফিসারের কার্যালয়ে জরুরী ভিত্তিতে সিসি ক্যামেরা স্থাপন করা দরকার। তা ছাড়া পরিষদের অভ্যন্তরে কয়েকটি সোলার লাইট স্থাপন করা প্রয়োজন। | সভায় বিস্তারিত আলোচনান্তে নিয়মিত গ্রাম আদালতের মামলা নিষ্পত্তি করা এবং কয়েকটি পুরাতন নষ্ট সিসি ক্যামেরা মেরামত করা ও উপজেলা সাব রেজিষ্টার ও প্রানীসম্পদ অফিসে সিসি ক্যামেরা স্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ১৯ | চেয়ারম্যান উপজেলা পরিষদ, দিঘলিয়া, | সভায় চেয়ারম্যান উপজেলা পরিষদ দিঘলিয়া জানান যে, দিঘলিয়া ইউনিয়নের গোয়ালপাড়া গ্রামে প্রায় ৩০০০ (তিন) হাজার লোকের বসবাস থাকা সত্ত্বেও সেই গ্রামে কোন সরকারি প্রাথমিক বিদ্যালয় না থাকায় ঐ এলাকায় বসবাসকারীদের ছেলেমেয়েদের লেখাপড়া শিখানোর জন্য পার্শ্বের গ্রামে প্রায় এক কিলোমিটার দূরে সুগন্ধি গ্রামে যে শিক্ষা কার্যক্রম চালাতে | সভায় বিস্তারিত আলোচনান্তে দিঘলিয়া ইউনিয়নের গোয়ালপাড়া গ্রামে এবং দেয়াড়া কোলনীতে পৃথক দুইটি | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, এবং উপজেলা নির্বাহী |

| | | | | |
|---|---|---|---|---|
| | খুলনা। | হয়। এছাড়া দেয়াড়া পশ্চিমপাড়া (দেয়াড়া কোলনী)তে একই অবস্থা হওয়ায় সেখানেও একটি সরকারী প্রাথমিক বিদ্যালয় নির্মাণ করা প্রয়োজন। তিনি আরো বলেন উপজেলা পরিষদের হলরুমসহ অনেকগুলি চেয়ার, টেবিল অকেজো হয়ে আছে। যেগুলো দ্রুত মেরামত করা প্রয়োজন। | সরকারী প্রাথমিক বিদ্যালয় স্থাপন করার জন্য উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করাসহ উপজেলা পরিষদের অকেজো চেয়ার, টেবিল , দ্রুত মেরামত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার, ও উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার দিঘলিয়া, খুলনা। |
| ২০ | দিঘলিয়া উপজেলার হাট-বাজার ও আন্তঃইউনিয়ন খেয়াঘাটসমূহ বাংলা ১৪২৯ সালের জন্য ইজারা প্রদান সংক্রান্ত | সভায় উপজেলা নির্বহী বলেন যে, এ উপজেলায় ১৪২৯ বঙ্গাব্দের জন্য ১৪টি হাট বাজার ও ৪টি আন্তঃইউনিয়নের খেয়াঘাট ইজারা প্রদানের নিমিত্ত ইজারা বিজ্ঞপ্তি জারী করা হয় এবং দরপত্রসমূহ ১মপর্বে দরপত্র দাখিলের জন্য ২৭/০২/২০২২ খ্রিঃ তারিখ নির্ধারণ করা হয়। নির্ধারিত ২৭/০২/২০২২ খ্রিঃ তারিখে ১ম পর্বে ১৪টি হাট বাজারের মধ্যে ১০ টি হাট বাজার এবং ৪টি আন্তঃইউনিয়ন খেয়াঘাটের মধ্যে ০২টি খেয়াঘাটের দরপত্র দাখিল হয়। তৃতীয়, চতুর্থ ও পঞ্চম পর্বে অবশিষ্ট ৪টি হাট-বাজারের অনুকূলে কোন দরপত্র বিক্রয় বা দাখিল হয়নি। দাখিলকৃত দরপত্রসমূহ হাট বাজার দরপত্র মূল্যায়ন কমিটি এবং আন্তঃ ইউনিয়ন খেয়াঘাট ইজারা কমিটি কর্তৃক সংশ্লিষ্ট দরদাতাদের সম্মুখে খোলা হয় এবং যাচাই বাছাই অন্তে তুলনামূলক বিবরণী প্রস্তুত করা হয়। অতঃপর হাট-বাজার দরপত্র মূল্যায়ন কমিটি এবং খেয়াঘাট ইজারা কমিটির ২৭/০২/২০২২ তারিখ হাট বাজার দরপত্র মূল্যায়ন কমিটির অনুষ্ঠিত সভায় ১০ টি হাট-বাজার এর অনুকূলে দাখিলকৃত দরপত্রে যে সকল দরদাতার দর সর্বোচ্চ হওয়ায় এবং অন্যান্য বিধি যথাযথভাবে সঠিক থাকায় সর্বোচ্চ দরদাতাদের অনুকূলে ইজারা প্রদানের নিমিত্ত অনুমোদনের জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ বরাবর প্রেরণ জন্য সুপারিশ করেন। আন্তঃ ইউনিয়ন খেয়াঘাটসমূহ সর্বোচ্চ দরদাতার অনুকূলে ইজারা অনুমোদনের জন্য আন্তঃইউনিয়ন খেয়াঘাট ইজারা কমিটি কর্তৃক উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থাপনের জন্য সুপারিশ করেন। অতঃপর উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয় হাট-বাজার ইজারা প্রদান, ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হইতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালা ২০১১ এর ৩.১ অনুচ্ছেদ মোতাবেক হাট-বাজার দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক সর্বোচ্চ দরদাতার অনুকূলে ১৪২৯ বঙ্গাব্দের জন্য ইজারা প্রদানের সুপারিশ অনুমোদন প্রদান করেন এবং আন্তঃইউনিয়ন খেয়াঘাটের সর্বোচ্চ অনুমোদিত দরদাতার অনুকূলে ইজারা প্রদানের জন্য সভায় উপস্থাপন করেন। এছাড়া আড়ুয়া ও কামারগাতী খেয়াঘাট ইজারা না হওয়ায় বিধিমাফিক খাস আদায়ের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। হাট-বাজর ও আন্তঃইউনিয়ন খেয়াঘাটের সর্বোচ্চ দরদাতাদের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।<br>এ বিষয়ে সভায় উপস্থিত সদস্যগণ কর্তৃক বিস্তারিত আলোচনা করেন। | হাট-বাজার ইজারা মূল্যায়ন কমিটির কর্তৃক সুপারিশকৃত হাট বাজার সমুহ এবং আন্তঃইউনিয়ন খেয়াঘাটসমূহ ইজারা কমিটি কর্তৃক সুপারিশকৃত আন্তঃইউনিয়ন খেয়াঘাটসমূহ ১৪২৯ সনের বিধি মোতাবেক ইজারা কার্যক্রম সম্পন্ন করাসহ আড়ুয়া ও কামারগাতী খেয়াঘাট ইজারা না হওয়ায় খাস আদায় অব্যহত রাখার করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার ও কমিটির সংশ্লিষ্ট (সকল) দিঘলিয়া, খুলনা। |
| ২০ | দিঘলিয়া উপজেলার হাট-বাজার ও আন্তঃইউনিয়ন খেয়াঘাটসমূহ বাংলা ১৪২৮ | (ক) সভায় উপজেলা নির্বাহী অফিসার, জানান যে, দিঘলিয়া উপজেলার ১৪২৯ সনের ১৪টি হাট-বাজার ইজারা কার্যক্রম সম্পন্ন করার জন্য ২৭/০২/২০২২ খ্রিঃ তারিখ হতে ইজারা কার্যক্রম শুরু করা হয়। ইজারা কার্যক্রম পরিচালনার জন্য ইজারা বিজ্ঞপ্তি পত্রিকায় ১৪/০২/২০২১ তারিখ দৈনিক প্রবাহ পত্রিকায় প্রকাশ করা হয়। ব্যাপক প্রচারের জন্য অত্র উপজেলার ছয়টি ইউনিয়নে ০৫ দিন ব্যাপী মাইকিং করা হয় এবং বিভিন্ন দপ্তরে বিজ্ঞপ্তি | বিধি মোতাবেক উপজেলা হাট-বাজার ইজারা প্রদান, ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হইতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালা ২০১১ এবং | |

| | | | | |
|---|---|---|---|---|
| | সালের জন্য ইজারা প্রদানের ব্যয় নির্বাহ সংক্রান্ত | ও অন্যান্য চিঠিপত্র বিশেষ বাহক মারফত প্রেরণ করা হয়। অফিসের আনুসংঙ্গিক খরচসহ সভার পরিচালনার ব্যয় নির্বাহ সহ সর্বমোট ৪৪,২৬২/- (চুয়াল্লিশ হাজার দুই শত বাষট্রি ) টাকা ব্যয় হয়। তৎমধ্যে দৈনিক প্রবাহ পত্রিকার বিল বাবদ =২৬,৭৩৭/- স্টেশনারী ও ফটোকপি=৬,৫২৫/- প্রচার খরচ ও মাইকিং=৬,০০০/- সভার খরচ আপ্যায়নসহ =৫,০০০/- সর্বমোট = ৪৪,২৬২/- (চুয়াল্লিশ হাজার দুই শত বাষট্রি ) টাকা।<br>হাট-বাজার ইজারা প্রদান, ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হইতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালা ২০১১ এর ২.৪ অনুচ্ছেদ মোতাবেক উপজেলা পরিষদের রাজস্ব খাত হইতে ব্যয় নির্বাহ করা যাবে । এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>(খ) সভায় উপজেলা নির্বাহী অফিসার, জানান যে, দিঘলিয়া উপজেলার ১৪২৯ সনের ইজারা প্রদানের জন্য ১৪টি হাট-বাজার ও ৪টি আন্তঃইউনিয়ন খেয়াঘাট ইজারা কার্যক্রম সম্পন্ন করার জন্য ১৪/০২/২০২২ খ্রিঃ তারিখ হতে ইজারা কার্যক্রম শুরু করা হয়। ইজারা কার্যক্রম পরিচালনার জন্য ইজারা বিজ্ঞপ্তি পত্রিকায় ১৪/০২/২০২২ তারিখ দৈনিক পূর্বাঞ্চল পত্রিকায় প্রকাশ করা হয়। ব্যাপক প্রচারের জন্য অত্র উপজেলার ছয়টি ইউনিয়নে ০৫ দিন ব্যাপী মাইকিং করা হয় এবং বিভিন্ন দপ্তরে বিজ্ঞপ্তি ও অন্যান্য চিঠিপত্র বিশেষ বাহক মারফত প্রেরণ করা হয়। অফিসের আনুসংঙ্গিক খরচসহ সভার পরিচালনার ব্যয় নির্বাহ সহ সর্বমোট =৭৮,১৬০/-/- (আটাত্তর হাজার একশত ষাট) টাকা ব্যয় হয়। তৎমধ্যে পত্রিকার বিল বাবদ =৩০,০৮০/+৩০,০৮০/- =৬০,১৬০/- স্টেশনারী ও ফটোকপি=৬,৫০০/- প্রচার খরচ ও মাইকিং=৭০০০/- সভার খরচ আপ্যায়নসহ =৪,৫০০/- সর্বমোট =৭৮,১৬০/- (আটাত্তর হাজার একশত ষাট ) টাকা<br>হস্তান্তরিত খেয়াঘাটের ইজারা ও ব্যবস্থাপনা এবং উদ্বৃত আয় বন্টন সম্পর্কে নীতিমালা ২০০৩ এর ৫ এর (ক) অনুচ্ছেদ মোতাবেক ইজারা লব্ধ আয় হতে ব্যয় দরপত্র আহ্বান সংক্রান্ত ব্যয় নির্বাহ করা এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | হস্তান্তরিত খেয়াঘাটের ইজারা ও ব্যবস্থাপনা এবং উদ্বৃত আয় বন্টন সম্পর্কে নীতিমালা ২০০৩ এর ৫ এর (ক) অনুচ্ছেদ মোতাবেক প্রয়োজনীয় ব্যয় নির্বাহের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | |

## মার্চ, ২০২২ মাসে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয়ের বিস্তারিত বিবরণ

| মাসের নাম | ব্যয়ের বিবরণ | মোট ব্যয় |
|---|---|---|
| | ০১। উপজেলা পরিষদের এক মাসের আপ্যায়ন বাবদ = ৩০,০০০/-<br>০২। উপজেলা পরিষদের এক মাসের আনুষঙ্গিক ব্যয় বাবদ= ৫০০০/-<br>০৩। উপজেলা পরিষদের কমিটির সভা পরিচালনা ব্যয় বাবদ=৮০০০/-<br>০৪। চেয়ারম্যান মহোদয়ের মার্চ/২০২২ মাসের সম্মানী ও বাড়ীভাড়া = ৪৫,০০০/-<br>০৫। ভাইস চেয়ারম্যানের মার্চ /২০২২ মাসের সম্মানী = ২৭,০০০/-<br>০৬। মহিলা ভাইস চেয়ারম্যানের মার্চ/২০২২ মাসের সম্মানী = ২৭,০০০/-<br>০৭। জনাব টিমলা দাস, পরিচ্ছন্নতা কর্মী এর মার্চ /২০২২ মাসের দৈনিক ভাতা বাবদ=১৪,৩০০/-<br>০৮। জনাব লিয়াকত আলী খান, মালী এর মার্চ/২০২২ মাসের দৈনিক মজুরী ভাতা বাবদ=১৪,৩০০/-<br>০৯। চেয়ারম্যান উপজেলা পরিষদ, দিঘলিয়া খুলনা এর মার্চ /২০২২ মাসের ভ্রমণ বিল বাবদ ১১,৬৬০/-<br>১০। ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর মার্চ /২০২২ মাসের ভ্রমণ বিল বাবদ=৬,৫০০/-<br>১১। ভাইস চেয়ারম্যান মহিলা উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর মার্চ/২০২২ মাস ভ্রমণ বিল বাবদ= ৬,০০০/-<br>১২। মেসার্স খুলনা ফিলিংষ্টেশন দৌলতপুর, পাবলা এর নামে উপজেলা পরিষদের জীপগাড়ীর জ্বালানী তেলের | ৪,১৭,০৬৮/- |

| | | |
|---|---|---|
| | বিল বাবদ =৪১,০০০/-<br>১৩। বিজন কুমার মন্ডল উপ-সহকারী প্রকৌশলী, দিঘলিয়া, খুলনা এর নামে ২০২১-২০২২ অর্থবছরে এডিপি ও ইউডিএফ এর আওতায় ১৩টি প্যাকেজের দরপত্র মূল্যায়ন কমিটির সম্মানী ভাতা বাবদ=৩৯,০০০/-<br>১৪। মোঃ হাফিজুর রহমান অফিস সহায়ক, এর নামে উপজেলা পরিষদের অফিস কক্ষের জন্য আসবাবপত্র ক্রয় এরবিল বাবদ=২৫,০০০/-<br>১৫। মোঃ হাফিজুর রহমান অফিস সহায়ক, এর নামে উপজেলা পরিষদের অফিস কক্ষের জন্য আসবাবপত্র ক্রয় এরবিল বাবদ=২৫,০০০/-<br>১৬। মোঃ আব্দুল হাকিম অফিস সহায়ক, এর নামে উপজেলা পরিষদের অফিস কক্ষের জন্য আসবাবপত্র ক্রয় এর বিল বাবদ=২৫,০০০/-<br>১৭। মোঃ আব্দুল হাকিম অফিস সহায়ক, এর নামে উপজেলা পরিষদের অফিস কক্ষের জন্য আসবাবপত্র ক্রয় এর বিল বাবদ=২৫,০০০/-<br>১৮। মোঃ হাফিজুর রহমান অফিস সহায়ক উপজেলা পরিষদ দিঘলিয়া, খুলনা এর নামে উপজেলা পরিষদের মার্চ/২২ মাসের বিদ্যুৎ বিল বাবদ=১৬,৮০৮ | |

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(শেখ মারুফুল ইসলাম)
চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ,দিঘলিয়া, খুলনা।

স্মারকনং-০৫.৪৪.৮৭২৫.০০১.১১.০১১.২০-৩৭০

তারিখ: ২০.০৪.২০২২ খ্রি:

**অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:**

০১। জনাব আব্দুস সালাম মূর্শেদী, মাননীয় সংসদ সদস্য- ১০২, খুলনা-৪, যুব ও ক্রীড়া এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থায়ী কমিটির সদস্য।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৪। জেলা প্রশাসক, খুলনা।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।
০৬। ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান মহিলা, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।
০৭। উপজেলা ..................................................কর্মকর্তা, দিঘলিয়া, খুলনা।
০৮। চেয়ারম্যান, ......................................ইউপি (সকল), দিঘলিয়া, খুলনা।
০৯। জনাব ...........................................................................সদস্য, উপজেলা পরিষদ সাধারণ সভা, দিঘলিয়া, খুলন

২০/৪/২২

(মোঃ মাহবুবুল আলম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ,দিঘলিয়া, খুলনা।
ফোন: ০৪১-৮৯০০০২